# 2021

## PHILOSOPHY — HONOURS

**Eighth Paper**

**Group : Gr.–A (*Vedāntasāra*)**

**Full Marks : 100**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক*

**বিভাগ-ক**

**(*Vedāntasāra*)**

***১ নং প্রশ্ন*** আবশ্যিক এবং প্রতি ইউনিট থেকে অন্তত ***একটি*** প্রশ্ন নিয়ে আরও ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও।

১। ***যে কোনো চারটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৪

(ক) অনুবন্ধ কী? বেদান্তসার অনুসরণে প্রয়োজন রূপ অনুবন্ধটি ব্যাখ্যা করো।

(খ) নিত্যকর্ম কী? নিত্যকর্মের প্রয়োজনীয়তা কী?

(গ) অধ্যারোপ বলতে কী বোঝো?

(ঘ) অজ্ঞান এক, না অনেক, না উভয়ই? — ব্যাখ্যা করো।

(ঙ) পরিণামবাদ ও বিবর্ত্তবাদের মূল পার্থক্য কোথায়?

(চ) হিরণ্যগর্ভ ও তৈজসের পার্থক্য কী?

(ছ) মহাবাক্য বলতে কী বোঝো? একটি উদাহরণ দাও।

(জ) তূরীয় চৈতন্য কাকে বলে?

**ইউনিট-১**

২। (ক) গ্রন্থারম্ভে মঙ্গলাচরণের প্রয়োজন কী?

(খ) বেদান্তসারগ্রন্থে সদানন্দযোগীন্দ্রকৃত মঙ্গলাচরণটি বিশ্লেষণ করো। ৪+১২

৩। (ক) বেদান্তসার অনুসরণে অজ্ঞানের স্বরূপ বিশদভাবে আলোচনা করো।

(খ) অজ্ঞান কীভাবে জানা যায়? ১০+৬

৪। (ক) অনুবন্ধ চতুষ্টয় কী? বেদান্তশাস্ত্রপাঠের অধিকারী কে? বেদান্তসার অনুসরণে ব্যাখ্যা করো।

(খ) এই প্রসঙ্গে অধিকারী ও গুরুর পারস্পরিক কর্তব্য নিরূপণ করো। ১০+৬

### ইউনিট-২

৫। (ক) অজ্ঞানের শক্তি কী কী?

(খ) বেদান্তসার অনুসরণে এই শক্তিগুলির স্বরূপ ও কার্যসমূহ ব্যাখ্যা করো। ২+১৪

৬। সূক্ষ্মসৃষ্টি কী? বেদান্তসার অনুসরণে সূক্ষ্মসৃষ্টির বিবরণ দাও। ৪+১২

### ইউনিট-৩

৭। (ক) পঞ্চীকরণ কী? বেদান্তসার অনুসরণে বিশদ ব্যাখ্যা করো।

(খ) পঞ্চীকরণের পক্ষে প্রমাণ কী? (৪+৮)+৪

৮। (ক) সামান্য ও বিশেষ অধ্যারোপের পার্থক্য নিরূপণ করো।

(খ) এই প্রসঙ্গে বেদান্তসার অনুসরণে আত্মার স্বরূপ বিষয়ক দুটি বৌদ্ধ মত ব্যাখ্যা ও খণ্ডন করো। ৫+১১

৯। (ক) বেদান্তসার অনুসরণে লক্ষণার বিভিন্ন প্রকার ব্যাখ্যা করো।

(খ) কেন এবং কীভাবে 'তত্ত্বমসি' এই মহাবাক্যের তাৎপর্য ভাগলক্ষণার দ্বারা নির্ধারিত হয় তা আলোচনা করো। ১০+৬

### ইউনিট-৪

১০। (ক) বেদান্তসার অনুসরণে সবিকল্প ও নির্বিকল্প সমাধির স্বরূপ ব্যাখ্যা করো।

(খ) এই প্রসঙ্গে নির্বিকল্প সমাধি ও সুষুপ্তির ভেদ ব্যাখ্যা করো। ১০+৬

১১। (ক) জীবন্মুক্ত পুরুষের লক্ষণ কী?

(খ) জীবন্মুক্ত পুরুষের ব্যবহার বর্ণনা করো। ৪+১২

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

## Group-A
### (Vedāntasāra)

***Question No. 1*** is compulsory. Answer any other ***five*** questions taking at least ***one*** from each ***Units***.

**1.** Answer ***any four*** questions: 5×4

(a) What is *anubandha*? Explain the *anubandha* callad '*prayajana*' after *Vedāntasāra.*

(b) What is *nityakarma*? What is its necessity?

(c) What do you understand by *adhyāropa*?

(d) Is *ajñāna* one or many or both? Explain

(e) Where is the main distinction between *parināmavāda* and *vivartavāda*?

(f) What is the distinction between *Hiraṇyagarbha* and *Taijaṣa*?

(g) What is meant by *mahābākya*? Give an example.

(h) What is *turiya caitanya*?

**Unit-1**

**2.** (a) What is the necessity of *mangalācarana* at the beginning of a book?

(b) Analyse the *mangalācarana* verse written by Sadananda Yogindra in *Vedāntasāra.* 4+12

**3.** (a) Explain the nature of *ajñāna* fully after *Vedāntasāra.*

(b) How is *ajñāna* known? 10+6

**4.** (a) What is *anubandha catuṣtaya*? Who is *adhikārin* (competent person) for studying the *Vedāntasāra sāstra*? Explain after *Vedāntasāra.*

(b) In this context determine the mutual duties of both an *adhikārin* and a *guru* (teachar). 10+6

**Unit-2**

**5.** (a) What are the different kinds of shakti of *ajñāna*?

(b) Explain the nature of the different kinds of *śakti* and their effects after *Vedāntasāra.* 2+14

**6.** What is *sūkṣmasṛsti*? Give a description of *sūkṣmasṛsti* after *Vedāntasāra*. 4+12

**Unit-3**

**7.** (a) What is *pañcikarana*? Explain fully after *Vedāntasāra.*

(b) What is the *pramāna* in favour of *pañcikarana*? (4+8)+4

**8.** (a) Determine the distinction between *sāmānya-adhyaropa* and *viśesa-adhyaropa.*

(b) In this context explain and refute two Buddhist views regarding the nature of self after *Vedāntasāra*. 5+11

**9.** (a) Explain different kinds of *Lakṣaṇā* after *Vedāntasāra*.

(b) Explain why and how the *tātparya* of the *mahābākya* '*tattvamasi*' is determined by adopting *bhāgalakṣaṇā*. 10+6

**Unit-4**

**10.** (a) Explain the nature of *savikalpa* and *nirvikalpa samādhi* after *Vedāntasāra.*

(b) Explain in this context the distinction between *suṣupti* and *nirvikalpa samādhi.* 10+6

**11.** (a) What are the marks for a person called *jivanmukta*?

(b) Describe the *vyavahara* (nature and activities) of a *jivanmukta* being. 4+12

———

# 2021

## PHILOSOPHY — HONOURS

**Subject : PHIA**

**Eighth Paper**

**Group : Gr.–B**

**(An Enquiry Concerning Human Understanding)**

**Full Marks : 100**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

***১ নং প্রশ্ন*** আবশ্যিক এবং ইউনিটগুলি থেকে অন্তত ***একটি*** করে প্রশ্ন নিয়ে আরও ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও।

১। *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৪

(ক) হিউম ‘সত্য অধিবিদ্যা’ এবং ‘মিথ্যা অধিবিদ্যা’ বলতে কী বুঝিয়েছেন? মিথ্যা অধিবিদ্যা কেন গ্রহণীয় নয়?

(খ) হিউমের মতে ধারণার অনুষঙ্গের তিনটি নীতি কী কী? সংক্ষেপে আলোচনা করো।

(গ) হিউম, কীভাবে ‘মূদ্রণ’ এবং ‘ধারণার’ মধ্যে পার্থক্য করেছেন?

(ঘ) পশুদের শিক্ষণের পদ্ধতিটি হিউম কীভাবে ব্যাখ্যা করেছেন?

(ঙ) আকস্মিকতার সম্ভাব্যতা ও কারণের সম্ভাব্যতার সম্পর্কে হিউমের বক্তব্য আলোচনা করো।

(চ) অলৌকিক ঘটনা বলতে হিউম কী বুঝিয়েছেন? আলোচনা করো।

(ছ) জগৎরূপ কার্যের ভিত্তিতে ঈশ্বরের অস্তিত্ব সম্পর্কীয় ধর্মীয় প্রকল্প ত্রুটিযুক্ত — হিউমকে অনুসরণ করে আলোচনা করো।

### ইউনিট-১

২। ‘দার্শনিক হও কিন্তু তোমার সমস্ত দর্শনচর্চার মধ্যে তুমি একজন মানুষ হও’— দর্শনের প্রতি হিউমের দৃষ্টিভঙ্গী তাঁর এই উক্তি দ্বারা কীভাবে প্রতিফলিত হয়েছে দেখাও। ১৬

৩। হিউম কীভাবে দেখিয়েছেন যে মূদ্রণ ছাড়া ধারণা সম্ভব নয়? সমালোচনামূলক আলোচনা করো। ১৬

### ইউনিট-২

৪। “বাস্তব ঘটনাবিষয়ক সব যুক্তি কার্য-কারণ সম্পর্কের উপর প্রতিষ্ঠিত”— হিউমের এই বক্তব্যের ব্যাখ্যা ও বিচার করো। ১০+৬

৫। হিউম কীভাবে দেখিয়েছেন যে কল্পনা ও বিশ্বাসের মধ্যে পার্থক্য নিহিত রয়েছে অনুভূতিতে? আমাদের জ্ঞানের ক্ষেত্রে বিশ্বাস কী ভূমিকা পালন করে? ১২+৪

**ইউনিট-৩**

৬। হিউম কীভাবে দেখিয়েছেন যে দেহের উপর আমাদের ইচ্ছাশক্তির প্রভাব অথবা মনের বিভিন্ন ক্রিয়ার উপর আমাদের ইচ্ছাশক্তির প্রভাব — এদের কোনোটি থেকেই আমরা অনিবার্য সম্পর্কের ধারণার মূদ্রণ পাই না? কীভাবে অনবির্য সম্পর্কের ধারণা আমরা লাভ করি বলে হিউম মনে করেন? ১২+৪

৭। কারণ সম্পর্কে হিউম প্রদত্ত সংজ্ঞা দুটির সমালোচনামূলক আলোচনা করো। ১২+৪

৮। স্বাধীনতা বলতে হিউম কীভাবে বুঝিয়েছেন? হিউম কীভাবে দেখিয়েছেন যে অনিবার্যতা ও স্বাধীনতার মধ্যে বিরোধ নিছক শাব্দিক বিরোধ? আলোচনা করো। ৮+৮

**ইউনিট-৪**

৯। অলৌকিক ঘটনার যৌক্তিক সম্ভাব্যতা সম্পর্কে হিউমের অভিমত আলোচনা করো। ১৬

১০। (ক) চূড়ান্ত সংশয়বাদ কী?

(খ) হিউম কেন এ জাতীয় সংশয়বাদ সমর্থন করেন না?

(গ) এই প্রসঙ্গে হিউমের সংযত সংশয়বাদ আলোচনা করো। ৪+৪+৮

## [English Version]

## Group : B

*The figures in the margin indicate full marks.*

***Question No. 1*** is compulsory. Answer any other ***five*** questions taking at least ***one*** from each ***Units***.

**1.** Answer ***any four*** questions: 5×4

(a) What does Hume mean by ‘true metaphysics’ and ‘false metaphysics’? Why ‘false metaphysics’ is not acceptable?

(b) What according to Hume are the three principles of association of ideas? Discuss briefly.

(c) How does Hume distinguish between ‘impressions’ and ‘ideas’?

(d) How does Hume explain the learning process of animals?

(e) Discuss in brief Hume’s view on probability of chance and probability of causes.

(f) What does Hume mean by miracle? Discuss.

(g) Religions hypothesis regarding the existence of God on the basis of world as effect is faulty— Discuss following Hume.

**Unit-1**

**2.** “Be a philosopher; but amidst all your philosophy be still a man.” Show how this statement reflects Hume’s attitude towards philosophy. 16

**3.** How does Hume show that without impression idea is not Possible? Discuss critically. 16

## Unit-2

**4.** "All reasoning concerning matters of fact seem to be founded on the relation of cause and effect"— Explain and examine this statement of Hume. 10+6

**5.** How does Hume show that the distinction between imagination and belief lies in feeling? What role does belief play in the context of our knowledge? 12+4

## Unit-3

**6.** How does Hume show that we do not get the impression of our ideas of necessary connection either from the influence of our will on our body or from its influence on our different mental activities? How according to Hume, do we get the idea of necessary connection? 12+4

**7.** Critically discuss the two definitions given by Hume regarding causal connection. 12+4

**8.** What does Hume mean by 'liberty'? How does Hume show that the contradiction between necessity and liberty is merely verbal contradiction? — Discuss. 8+8

## Unit-4

**9.** Discuss Hume's view regarding the logical possibility of 'Miracle'. 16

**10.** (a) What is excessive scepticism?

(b) Why does Hume not support this kind of scepticism?

(c) Discuss in this context Hume's mitigated scepticism. 4+4+8

———

# 2021

## PHILOSOPHY — HONOURS

**Subject : PHIA**

**Eighth Paper**

**Group : Gr.–C**

**(Problems of Philosophy)**

**Full Marks : 100**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

***১ নং প্রশ্ন*** আবশ্যিক এবং প্রতি ইউনিট থেকে অন্তত ***একটি*** করে প্রশ্ন নিয়ে আরও ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও।

১। ***যে কোনো চারটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৪

(ক) রাসেলকে অনুসরণ করে বস্তুর অবভাস ও সত্তার মধ্যে পার্থক্য করো।

(খ) পরিচিতিমূলক জ্ঞান ও বর্ণনামূলক জ্ঞানের মধ্যে পার্থক্য দেখাও।

(গ) উদাহরণসহ তিনটি চিন্তার নীতি ব্যাখ্যা করো।

(ঘ) আরোহের নীতির দুটি অংশ কী কী?

(ঙ) যৌক্তিক বচন ও শুদ্ধ গাণিতিক বচনের প্রকৃতি সম্বন্ধে রাসেলের অভিমত আলোচনা করো।

(চ) রাসেল কে অনুসরণ করে জ্ঞান ও ভ্রমের মধ্যে পার্থক্য করো।

(ছ) অহংবাদের কি যৌক্তিক সম্ভাব্যতা আছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

(জ) রাসেল কেন বলেছেন যে কান্টের সমাধান পূর্বতঃসিদ্ধ বচনের পরিধিকে সীমায়িত করে?

### ইউনিট-১

২। (ক) রাসেল কীভাবে ইন্দ্রিয় সংবেদন, ইন্দ্রিয় উপাত্ত ও ভৌত বস্তুর মধ্যে পার্থক্য করেছেন? ৬

(খ) ইন্দ্রিয় উপাত্তকে কী বাহ্যবস্তুর অস্তিত্বের চিহ্নস্বরূপ বলা যায়? — রাসেলকে অনুসরণ করে আলোচনা করো। ১০

৩। জড় বস্তুর প্রকৃতি সম্পর্কে রাসেলের অভিমত ব্যাখ্যা করো। ১৬

### ইউনিট-২

৪। (ক) ভাববাদ বলতে কী বোঝায়? ২

(খ) 'ধারণা' শব্দটিকে রাসেল কীভাবে ব্যাখ্যা করেছেন? ৪

(গ) রাসেলকে অনুসরণ করে বার্কলের ভাববাদের আলোচনা করো। ১০

৫। (ক) রাসেলকে অনুসরণ করে বর্ণনামূলক জ্ঞানের প্রকৃতি আলোচনা করো। ৬

(খ) এইরূপ জ্ঞানের গুরুত্ব আলোচনা করো। ১০

**ইউনিট-৩**

৬। আমরা কীভাবে আরোহের নীতিগুলিকে সমর্থন করতে পারি? রাসেলকে অনুসরণ করে আলোচনা করো। ১৬

৭। সাধারণ নীতি সংক্রান্ত জ্ঞানকে কেন্দ্র করে অভিজ্ঞতাবাদী ও বুদ্ধিবাদীদের মধ্যে যে মতবিরোধ দেখা যায়, তার আলোচনা করো। ১৬

৮। (ক) পূর্বতঃসিদ্ধ জ্ঞানের বিষয়ে রাসেল ও কান্টের বক্তব্য বিবৃত করো। ৬

(খ) এই জাতীয় জ্ঞানের সম্ভাব্যতা নিয়ে কান্টের অভিমত সম্পর্কে রাসেলের মন্তব্য আলোচনা করো। ৭

(গ) রাসেলের মতে কোন কোন বস্তু বিষয়ে আমাদের পূর্বতঃসিদ্ধ জ্ঞান হয়? ৩

**ইউনিট-৪**

৯। প্লেটো কীভাবে সামান্যের স্বরূপ ব্যাখ্যা করেছেন? এ বিষয়ে রাসেলের মত আলোচনা করো। ৮+৮

১০। (ক) রাসেল কীভাবে স্বতঃপ্রামাণ্যের বিভিন্ন মাত্রার ব্যাখ্যা করেছেন? ১২

(খ) জ্ঞান তত্ত্বের ক্ষেত্রে এই মাত্রাগুলির গুরুত্ব কী? ৪

১১। বাস্তব তথ্যের সঙ্গে আনুরূপ্য সত্যতার প্রকৃতি নির্ধারণ করে — রাসেলের এই মতটি ব্যাখ্যা ও বিচার করো। ১০+৬

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

Answer ***Question No. 1*** and any other ***five*** taking at least ***one*** from each ***Unit***.

**1.** Answer ***any four*** questions: 5×4

(a) Distinguish between appearance and reality following Russel.

(b) Distinguish between knowledge by Acquaintance and Knowledge by description.

(c) Explain with illustrations the three laws of thought.

(d) What are the two parts of the principle of induction?

(e) Discuss Russell's view regarding the nature of propositions of logic and pure mathematics.

(f) Distinguish between knowledge and error after Russell.

(g) Is solipsism logically possible? Give reason for your answer.

(h) Why does Russell say that Kant's solution unduly limits the scope of a priori propositions?

**Unit-1**

**2.** (a) How does Russell distinguish between sensation, sense-data and physical object? 6

(b) Are sense-data signs of the existence of matter? Discuss after Russell. 10

**3.** Explain Russell's views on the nature of matter. 16

### Unit-2

**4.** (a) What is idealism? 2

(b) How does Russell explain the word 'idea'? 4

(c) Discuss, after Russell, Berkley's idealism. 10

**5.** (a) Explain, after Russell, the nature of descriptive knowledge. 6

(b) Discuss the importance of that knowledge. 10

### Unit-3

**6.** How could the laws of inductive be justified? Discuss after Russell. 16

**7.** Discuss in detail, the disagreement between empiricists and rationalists regarding our knowledge of general principles. 16

**8.** (a) State Russell's and Kant's view regarding a priori knowledge. 6

(b) Discuss Russell's comments regarding Kant's theory about the possibility of this sort of knowledge. 7

(c) What are the entities that our a priori knowledge is concerned with? 3

### Unit-4

**9.** How does Plato explain the nature of universal? Discuss Russell's view in this context. 8+8

**10.** (a) How does Russell explain the different degrees of self-evidence? 12

(b) What are the importance of these degrees in theory of knowledge? 4

**11.** Explain and examine Russell's view that correspondence with fact constitutes the nature of truth. 10+6

# 2021

## PHILOSOPHY — HONOURS

**Subject : PHIA**

**Eighth Paper**

**Group : Gr. D**

**(Western Logic)**

**Full Marks : 100**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

***১ নং প্রশ্ন*** আবশ্যিক এবং প্রতি ইউনিট থেকে অন্তত ***একটি*** করে প্রশ্ন নিয়ে আরও ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও।

১। *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৪

(ক) পরোক্ষ পদ্ধতিকে কেন বিরুদ্ধ অসিদ্ধি পদ্ধতি বলা হয়, উদাহরণসহ ব্যাখ্যা করো।

(খ) সত্যশাখী পদ্ধতি কীভাবে কাজ করে? উদাহরণ দাও।

(গ) বিকল্পের ওপর '–∃'-এর সঞ্চালন হয় কি? ব্যাখ্যা করো।

(ঘ) উপশ্রেণি কাকে বলে? যথার্থ উপশ্রেণির সঙ্গে উপশ্রেণির পার্থক্য কী?

(ঙ) হীনার্থক পদ কাকে বলে? এই জাতীয় পদ স্বীকারের যুক্তি কী?

(চ) উদাহরণসহ নঞর্থক লক্ষণবাক্য ব্যাখ্যা করো।

(ছ) গরিষ্ঠ জাতি এবং লঘিষ্ঠ প্রজাতি কাকে বলে? উদাহরণ দাও।

(জ) বিভাজনগুলির মূল্যায়ন করো ঃ

(অ) মানুষকে হিন্দু, বাঙালি এবং দীর্ঘাঙ্গ হিসেবে বিভাজন।

(আ) পদার্থকে চোখ, কান, নাক, জিহ্বা ও ত্বকে বিভাজন।

### ইউনিট-১

২। (ক) পূর্বকল্প লাঘব/গৌরব নীতি কীভাবে প্রাকল্পিক প্রমাণ পদ্ধতিকে বৈধ করে, ব্যাখ্যা করো। ৪

(খ) প্রাকল্পিক প্রমাণ পদ্ধতির সাহায্যে বৈধতা বিচার করো ঃ ৪

তুমি যদি কঠোর পরিশ্রম করো তবে তুমি জীবনে সফল হবে এবং তুমি যদি অলস থাকো তবে তুমি সুযোগ হারাবে। সুতরাং যদি তুমি কঠোর পরিশ্রম করো অথবা অলস থাকো তবে তুমি হয় জীবনে সফল হবে অথবা তুমি সুযোগ হারাবে।

(গ) প্রাকল্পিক প্রমাণ পদ্ধতিতে স্বতঃসত্যতা নির্ণয় করো ঃ ৪

$$\left[(A \supset B) \cdot (A \supset C)\right] \supset \left[A \supset (B \cdot C)\right]$$

(ঘ) পরোক্ষ প্রমাণ পদ্ধতিতে বৈধতা বিচার করো ঃ ৪

$(P \supset Q) \cdot (R \supset S), (Q \vee S) \supset T, \sim (T \vee S) \therefore \sim P \cdot \sim R$

৩। (ক) সত্যশাখী পদ্ধতিতে কীভাবে প্রতিপত্তি নির্ণয় করা হয়, উদাহরণসহ ব্যাখ্যা করো। ৪

(খ) সত্যশাখী পদ্ধতিতে দেখাও বাক্য দুটি সমার্থক কিনা ঃ ৪

(অ) $A \to (B \to C)$

(আ) $(A \to B) \to C$

(গ) সত্যশাখী পদ্ধতিতে যুক্তিটির বৈধতা বিচার করো ঃ ৪

$-(A \to B) \therefore -A \leftrightarrow B$

(ঘ) প্রদত্ত বাক্যগুলি সংগতিপূর্ণ কিনা, সত্যশাখী পদ্ধতির সাহায্যে নির্ণয় করো ঃ ৪

$A \vee B, A \to B, A \leftrightarrow -B$

## ইউনিট-২

৪। (ক) সত্ত্বপ্রাকল্পিক বচন কাকে বলে? এটি কখন বৈধ হয়? ২+২

(খ) সত্ত্বপ্রাকল্পিক পদ্ধতিতে প্রমাণ করো যে, BRAMANTIP অবৈধ। ৪

(গ) সত্ত্বপ্রাকল্পিক পদ্ধতিতে যুক্তিটির বৈধতা বিচার করো ঃ ৪
প্রত্যেকে যারা সৎ ও বুদ্ধিমান হয় নির্ভরযোগ্য। কোনো কোনো বুদ্ধিমান ব্যক্তি নয় নির্ভরযোগ্য। সুতরাং কোনো কোনো বুদ্ধিমান ব্যক্তি নয় সৎ।

(ঘ) সত্ত্বপ্রাকল্পিক পদ্ধতিতে বাক্যগুলির সংগতি নির্ণয় করো ঃ ৪

(অ) $F$ মাত্রই $G$।

(আ) এমন কিছু নেই যা $F$ এবং $G$ উভয়ই।

৫। (ক) সেটতত্ত্বের ভাষায় বাক্যগুলি অনুবাদ করো ঃ ৪

(অ) কলা ও আঙুর হলো ফল।

(আ) এমন কোনো ইউনিফর্ম নেই যা ভেলভেটের তৈরি নয়।

(ই) যাঁরা গীর্জায় যান তাঁরা সকলেই সাধু নন।

(ঈ) বিড়াল একটি প্রজাতি।

(খ) সেট-ইউনিয়ন এবং সেট-ইনটারসেকশনের সাংকেতিক সংজ্ঞা দাও। ২+২

(গ) যদি $V = \{1, 2, 3, 4, 5\}$, $A = \{1, 2\}$, $B = \{2, 3\}$ হয়, তবে নিম্নলিখিত সেটগুলি নির্ণয় করো ঃ ২×৪

(অ) $A \sim (\sim B)$

(আ) $\sim (A \cap B)$

(ই) $\sim A \cap \sim B$

(ঈ) $\sim A \sim B$

৬। (ক) $A$, $B$, $C$ সকল সেটের ক্ষেত্রে নিম্নলিখিত বিবৃতিগুলি সত্য বা মিথ্যা নির্ণয় করো এবং কারণ নির্দেশ করো ঃ ২×২

(অ) যদি $A = B$, এবং $B = C$ হয় তবে $A = C$।

(আ) যদি $A \subset B$ এবং $B \in C$ হয় তবে $A \subset C$।

(খ) প্রমাণ করো যে, শূন্য শ্রেণি যে-কোনো শ্রেণির উপশ্রেণি। ৪

(গ) নিম্নলিখিত শর্তগুলি পূরণ করে এমন $A$, $B$, $C$, $D$ এবং $E$ শ্রেণির উদাহরণ দাও। ৪

$A \in B, B \subseteq C, C = D, D \sim E = A$

(ঘ) উদাহরণসহ সমমুখী ও বিষমমুখী সম্বন্ধের পার্থক্য ব্যাখ্যা করো। শ্রেণি-অন্তর্ভুক্তির সম্বন্ধ কি সমমুখী সম্বন্ধ? কারণসহ উত্তর দাও। ৩+১

## ইউনিট-৩

৭। পদ ও নামের পার্থক্য আলোচনা করো। এই প্রসঙ্গে ব্যাখ্যা করো কেন যোসেফ বলেছেন 'শব্দ সম্বন্ধে আমরা ক্বচিৎ কিছু বলি'। ৮+৮

৮। 'যখন লক্ষণ নির্দেশ করি, তখন আমরা বিশ্লেষণ করি'— বিশ্লেষণ করে কী কী পাই? সেগুলির পারস্পরিক সম্বন্ধ কী? আলোচনা করো। ১৬

৯। বিধেয়ক কাকে বলে? পরফিরি-প্রদত্ত বিধেয়ক-তত্ত্ব ব্যাখ্যা ও বিচার করো। ৪+৬+৬

## ইউনিট-৪

১০। লক্ষণের বিভিন্ন নিয়মগুলি উদাহরণসহ ব্যাখ্যা করো। নিম্নলিখিত লক্ষণ দুটির মূল্যায়ন করো ঃ ১২+৪

(ক) পাপ হলো পুণ্যের বিপরীত।

(খ) মানুষ হলো পাঁচ ফুট লম্বা বুদ্ধিবৃত্তিসম্পন্ন জীব।

১১। দ্বিকোটিক বিভাজন কাকে বলে? আকার এবং মূর্ত উদাহরণ দাও। এই জাতীয় বিভাজন সম্পর্কে যোসেফের বক্তব্য কী? ৪+৬+৬

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

Answer ***Question No. 1*** and any other ***five*** taking at least ***one*** from each ***Unit***.

**1.** Answer ***any four*** questions: 5×4

(a) Explain, with examples, why the method of indirect proof is called the method of reductio absurdum.

(b) How does the method of truth tree work? Give examples.

(c) Is the distribution of '–∃' possible over disjunction? Explain.

(d) What is a subset? What is the difference between a subset and a proper subset?

(e) What is a privative term? What is the reason for admitting such a term?

(f) Explain, with examples, negative definition.

(g) What are Summum genus and Infima species? Give examples.

(h) Evaluate the divisions:

(i) Man into hindus, Bengalees and tall.

(ii) Objects into eye, ear, nose, tongue and spin.

**Unit-1**

**2.** (a) Show how the principle of exportation validates the method of conditional proof. 4

(b) Test the validity by the method of conditional proof: 4
If you work hard then you will succeed in life and if you remain idle then you will miss the opportunity. So if you work hard or you remain idle then either you will succeed in life or you will miss the opportunity.

(c) Determine the following as a tautology using the method of conditional proof: 4
$\left[(A \supset B) \cdot (A \supset C)\right] \supset \left[A \supset (B \cdot C)\right]$

(d) Test the validity using the method of indirect proof: 4
$(P \supset Q) \cdot (R \supset S), (Q \vee S) \supset T, \sim (T \vee S) \therefore \sim P \cdot \sim R$

**3.** (a) Explain, with examples, how implication is determined by truth-tree method. 4

(b) Show whether the two statements are equivalent or not using truth-tree method: 4

(i) $A \rightarrow (B \rightarrow C)$

(ii) $(A \rightarrow B) \rightarrow C$

(c) Test the validity of the argument using truth-tree method: 4
$-(A \rightarrow B) \therefore -A \leftrightarrow B$

(d) Determine whether or not the given sentences are consistent using truth-tree method: 4
$A \vee B,\ A \rightarrow B,\ A \leftrightarrow -B$

**Unit-2**

**4.** (a) What is an existential conditional? When is it valid? 2+2

(b) Prove that BRAMANTIP is invalid using the method of existential conditional. 4

(c) Test the validity of the argument by using the method of existential conditional: 4
All who are honest and intelligent are dependable. Some intelligent persons are not dependable. So some intelligent persons are not honest.

(d) Determine the consistency of the following sentences by the method of existential conditional: 4

(i) All $F$'s are $G$.

(ii) There exists nothing which is both $F$ and $G$.

**5.** (a) Translate the sentences into the language of set theory: 4

(i) Bananas and grapes are fruits.

(ii) There is no uniform that is not made of velvet.

(iii) All are not saints who go to the church.

(iv) Cat is a species.

(b) Give the symbolic definition-of set-union and set-intersection. 2+2

(c) If $V=\{1, 2, 3, 4, 5\}$, $A=\{1, 2\}$, $B=\{2, 3\}$ then determine the following sets: 2×4

(i) $A \sim (\sim B)$

(ii) $\sim (A \cap B)$

(iii) $\sim A \cap \sim B$

(iv) $\sim A \sim B$

**6.** (a) For every set $A$, $B$, $C$ determine the truth or falsity of the following statements and show the reasons: 2×2

(i) If $A = B$ and $B = C$, then $A = C$.

(ii) If $A \subset B$ and $B \in C$, then $A \subset C$.

(b) Prove that a null set is a subset of any set. 4

(c) Give examples of sets $A$, $B$, $C$, $D$ and $E$ such that those fulfil the following conditions: 4
$A \in B,\ B \subseteq C,\ C = D,\ D \sim E = A$

(d) Explain the difference between symmetrical and asymmetrical relation. Is the relation of subset a symmetrical relation? Answer with justifications. 3+1

## Unit-3

**7.** Discuss the difference between a term and a name. Explain in this context why Joseph has said 'We seldom predicate about the words'. 8+8

**8.** 'When we define, we analyse'— what do we get by this analysis? What is the mutual relation between them? Discuss. 16

**9.** What is Predicable? Explain and evaluate the theory of predicables given by Porphyry. 4+6+6

## Unit-4

**10.** Explain, with examples, different rules of definition. Evaluate the following two definitions: 12+4

(a) Vice is the opposite of virtue.

(b) Man is five feet tall intelligent animal.

**11.** What is division by dichotomy? Give its form and concrete examples. What does Joseph say about this kind of division? 4+6+6

# 2021

## PHILOSOPHY — HONOURS

**Subject : PHIA**

**Eighth Paper**

**Group : Gr.–E**

**(Ethics)**

**Full Marks : 100**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

***১ নং প্রশ্ন*** আবশ্যিক এবং প্রতিটি ইউনিট থেকে অন্তত ***একটি*** করে প্রশ্ন নিয়ে আরও ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও।

১। ***যে কোনো চারটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৪

(ক) আত্মহত্যার সপক্ষে দুটি যুক্তি দাও।

(খ) ব্যবহারিক নীতিবিদ্যা ও তত্ত্বগত নীতিবিদ্যার মধ্যে প্রধান পার্থক্যগুলি কী কী?

(গ) কৃপাহত্যার প্রকারগুলি সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) ধর্মবৈষম্য এবং বর্ণবৈষম্য কাকে বলে? বর্তমান সমাজে কী ধর্মবৈষম্য ও বর্ণবৈষম্য সম্পূর্ণভাবে দূরীভূত হয়েছে? আলোচনা করো।

(ঙ) যুদ্ধকে কি নৈতিক দিক থেকে অপরাধ হিসাবে গণ্য করা যায়? সংক্ষেপে বলো।

(চ) নারীবাদী ইতিহাসের প্রধান তরঙ্গগুলি আলোচনা করো।

(ছ) পরিবেশ নীতিবিদ্যায় নৃকেন্দ্রিক মতবাদটি সংক্ষেপে ব্যাখ্যা করো।

(জ) বৌদ্ধদর্শন কী আমাদের পরিবেশ সচেতনতা সম্পর্কে শিক্ষা দেয়? আলোচনা করো।

### ইউনিট-১

২। প্লেটোর নৈতিক মতবাদ অনুসরণে 'কল্যাণ' (good)-এর ধারণাটি পরিস্ফূট করো। রিপাবলিক গ্রন্থে প্লেটো যে প্রধান সদ্‌গুণের উল্লেখ করেছেন সেগুলি আলোচনা করো। ৬+১০

৩। অ্যারিস্টটলের মধ্যপন্থা সম্পর্কীয় মতবাদ ব্যাখ্যা ও বিচার করো। ১০+৬

### ইউনিট-২

৪। ব্যবহারিক নীতিবিদ্যা কাকে বলে? ব্যবহারিক নীতিবিদ্যার প্রধান আলোচ্য ক্ষেত্রগুলি কী কী? ৬+১০

৫। 'ইউথানেসিয়া' বা করুণা হত্যা কথাটির অর্থ কী? সচেষ্ট ও নিশ্চেষ্ট করুণা হত্যার মধ্যে পার্থক্য দেখাও। ৬+১০

৬। চরম দারিদ্র্য ও প্রাচুর্যের বিপরীত চিত্র সংক্ষেপে বর্ণনা করো। তুমি কি মনে করো দরিদ্রদের সাহায্য করা বিত্তবানদের নৈতিক কর্তব্য? যুক্তিসহ লেখো। ১০+৬

**ইউনিট-৩**

৭। জাতিবৈষম্য কাকে বলে? এই বৈষম্যের ভিত্তিতে বিশেষ সুযোগ-সুবিধা দানকে কি তুমি নৈতিকভাবে সমর্থন করো? তোমার বক্তব্যের সমর্থনে যুক্তি দাও। ৬+১০

৮। নারীবাদের পরিপ্রেক্ষিতে উদারপন্থী ও চরমপন্থী মতবাদ আলোচনা করো। দরদী নৈতিকতা বা যত্নআত্তির নৈতিকতা (Ethics of Care) বলতে কী বোঝো? ৮+৮

**ইউনিট-৪**

৯। পরিবেশমূলক নৈতিকতার একটি সুস্পষ্ট ধারণা দাও। এই প্রসঙ্গে গভীর বস্তুসংস্থানমূলক নৈতিকতার সূত্রগুলি আলোচনা করো। ৮+৮

১০। পরানীতিবিদ্যার প্রকৃতি আলোচনা করো ও এই প্রসঙ্গে আবেগবাদের মূল বৈশিষ্ট্যগুলির ওপর আলোকপাত করো। ৮+৮

১১। জৈন নীতিতত্ত্বের পরিপ্রেক্ষিতে পরিবেশের প্রতি মানুষের সঠিক আচরণ ও কর্তব্য সম্বন্ধে লেখো। পরিবেশের প্রতি জৈনধর্মের মতবাদ কি বাস্তবে প্রয়োগ করা সম্ভব? তোমার নিজস্ব মতামত দাও। ১২+৪

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

Answer ***Question No. 1*** and any other ***five*** taking at least ***one*** from each ***Unit***.

**1.** Answer ***any four*** questions: 5×4

(a) Give two arguments in favour of suicide.

(b) What are the important differences between normative ethics and practical ethics?

(c) Discuss, in brief, the different kinds of Euthanasia.

(d) What do you understand by discrimination in respect to religion and colour? Are religious and colour discrimination completely abolished in present society? Discuss.

(e) Can war be considered a crime from the moral perspective? State briefly.

(f) Discuss the main waves of feminist history.

(g) Explain briefly the anthropocentric view of environmental ethics.

(h) Does Buddhist philosophy give us lesson regarding environmental consciousness? Discuss.

**Unit-1**

**2.** Following the moral philosophy of Plato, elucidate the concept of 'Good'. Discuss the important cardinal virtues mentioned by Plato in the book '*Republic*'. 6+10

**3.** Explain critically Aristotle's Doctrine of Mean. 10+6

**Unit-2**

**4.** What is Practical Ethics? What are the main areas of its discussion? 6+10

**5.** What is the meaning of Euthanasia or Mercy Killing? Distinguish between active and passive euthanasia. 6+10

**6.** Discuss, in brief, the opposite pictures of extreme poverty and extreme affluence. Do you think that helping the poor is the moral duty of the affluent? State with reason. 10+6

**Unit-3**

**7.** What is racial discrimination? Do you support preferential treatment on the basis of this discrimination? Give reasons for your answer. 6+10

**8.** In the context of feminism, discuss liberal and radical feminism. What do you understand by the ethics of care? 8+8

**Unit-4**

**9.** Give a clear idea of environmental ethics. In this context, discuss the principles of deep ecological ethics. 8+8

**10.** Discuss the nature of meta ethics. In this context bring into light the fundamental features of Emotivism. 8+8

**11.** Write on human conduct and duties towards the environment in the light of Jaina ethics. Is it possible to apply the Jaina view in practice? Give your personal comments. 12+4

———

# 2021

## PHILOSOPHY — HONOURS

**Subject : PHIA**

**Eighth Paper**

**Group : Gr.–F**

**(Contemporary Indian Philosophy)**

**Full Marks : 100**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

***১ নং প্রশ্ন*** আবশ্যিক এবং প্রতি ইউনিট থেকে অন্তত ***একটি*** করে প্রশ্ন নিয়ে আরও ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও।

১। ***যে কোনো চারটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৪

(ক) বিবেকানন্দকে অনুসরণ করে 'সর্বজনীন ধর্ম' সংক্ষেপে আলোচনা করো।

(খ) বিবেকানন্দর মতানুসারে মানুষের প্রকৃত স্বরূপ আলোচনা করো।

(গ) শ্রীঅরবিন্দ কে অনুসরণ করে জীবাত্মার ত্রিবিধ রূপান্তর আলোচনা করো।

(ঘ) শ্রীঅরবিন্দর 'অখণ্ডযোগ'-এর ধারণাটিকে সংক্ষেপে ব্যাখ্যা করো।

(ঙ) রবীন্দ্রনাথ ঠাকুরের বিশ্বমানব তত্ত্বটি সংক্ষেপে আলোচনা করো।

(চ) রবীন্দ্রনাথ ঠাকুরের মানবতাবাদ আলোচনা করো।

(ছ) মহাত্মা গান্ধী কীরূপে অহিংসার ধারণাটি ব্যাখ্যা করেন?

(জ) মহাত্মা গান্ধী প্রবর্তিত অছি-ব্যবস্থাতত্ত্ব বলতে কী বোঝো?

### ইউনিট-১

২। বিবেকানন্দকে অনুসরণ করে ব্যবহারিক বেদান্তর প্রত্যয়টি ব্যাখ্যা করো। ১৬

৩। 'শিবজ্ঞানে জীবসেবা' বলতে বিবেকানন্দ কী বোঝাতে চেয়েছেন? আলোচনা করো। ১৬

### ইউনিট-২

৪। রবীন্দ্রনাথ ঠাকুর কেন মনে করেছেন যে জীবের শারীর-বৃত্তীয় বিবর্তন মানুষের মধ্যে পূর্ণতা লাভ করেছে? এই প্রসঙ্গে ওনার 'মানুষের উদ্‌বৃত্ত' সংক্রান্ত তত্ত্বটি ব্যাখ্যা করো। ৮+৮

৫। অমঙ্গলের সমস্যাটিকে রবীন্দ্রনাথ ঠাকুর কীভাবে ব্যাখ্যা করেছেন? ১৬

### ইউনিট-৩

৬। শ্রী অরবিন্দ কীভাবে দেখিয়েছেন বিবর্তনের (Evolution) প্রাকশর্ত অবতরণ (Involution)? আলোচনা করো। ১৬

৭। পরম তত্ত্বের স্বরূপ হল সচ্চিদানন্দ — শ্রী অরবিন্দকে অনুসরণ করে এই মত আলোচনা করো। ১৬

### ইউনিট-৪

৮। সত্যাগ্রহ সম্পর্কে গান্ধীর অভিমত আলোচনা করো। 'পরোক্ষ প্রতিরোধে'র সঙ্গে এর পার্থক্য কোথায়? ১২+৪

৯। গান্ধীর 'স্বরাজ'-এর প্রত্যয়টি বিশদভাবে আলোচনা করো। ১৬

১০। 'সত্যই ঈশ্বর'—গান্ধীর অনুসরণে ব্যাখ্যা করো। ১৬

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

Answer ***Question No. 1*** and any other ***five*** taking at least ***one*** from each ***Unit***.

**1.** Answer ***any four*** questions: 5×4

(a) Discuss briefly 'Universal Religion' as propagated by Vivekananda.

(b) Discuss after Vivekananda the 'real nature of man'.

(c) Discuss, in brief, the triple transformation of self after Sri Aurobindo.

(d) Explain, in brief, Sri Aurobindo's concept of 'Akhaṇda Yoga'.

(e) Discuss, in brief, Rabindranath Tagore's concept of 'Universal Man'.

(f) Discuss Rabindranath Tagore's humanism.

(g) How does Mahatma Gandhi explain the concept of non-violence?

(h) What do you understand by 'trusteeship' as propagated by Mahatma Gandhi?

### Unit-1

**2.** Explain after Vivekananda the concept of practical Vedānta. 16

**3.** What does Vivekananda mean by "worshipping God through service to mankind"? Discuss. 16

### Unit-2

**4.** Why does Tagore think that the physiological process of life's evolution has reached its finality in Man? In this connection explain Tagore's theory of 'Surplus in Man'? 8+8

**5.** How does Tagore explain the Problem of evil? 16

**Unit-3**

**6.** How does Sri Aurobindo show that 'evolution' pre-supposes involution? Discuss. 16

**7.** Discuss after Sri Aurobindo the nature of reality as Saccidānanda. 16

**Unit-4**

**8.** Discuss Gandhi's view on 'Satyāgraha'. How does it differ from 'passive resistance'? 12+4

**9.** Discuss Gandhi's concept of 'Swarāj' in details. 16

**10.** 'Truth is God'—Explain after Gandhi. 16

———